

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর।
(আইসিটি শাখা)
www.faridpur.gov.bd

স্মারক নং: ০৫.১২.২৯০০.০২১.০৪.০০১.২০- ৫২

তারিখ: ২৪ সেপ্টেম্বর, ২০২০ খ্রি.

বিষয়: জেলা ভিত্তিক শিল্প প্রতিষ্ঠান, দক্ষতা উন্নয়নমূলক প্রতিষ্ঠান ও বেকার যুবকদের মধ্যে ম্যাচমেকিং কর্মশালা আয়োজনের পূর্বে জাতীয় দক্ষতা বাতায়নে নিবন্ধন।

সূত্র: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম ফিউচার অফ ওয়ার্ক, ঢাকা এর স্মারক নং ৫৬.৪২.০০০০.০১৮.২৫.০০১.২০.২, তারিখ: ২৬/০৭/২০২০ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জেলা ভিত্তিক শিল্প প্রতিষ্ঠান ও বেকার যুবকদের জন্য ম্যাচমেকিং কর্মশালা আয়োজন করা হবে। আয়োজিত এ কর্মশালার মাধ্যমে জেলার যোগ্য বেকার যুবকদের নিয়োগকারী শিল্প প্রতিষ্ঠানে কর্মসংস্থানের ব্যবস্থা করা হবে। এ লক্ষ্যে জেলার সকল শিল্প প্রতিষ্ঠান, সরকারি বেসরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠান ও বেকার যুবকদের জাতীয় দক্ষতা বাতায়নে (www.skills.gov.bd) নিবন্ধন আবশ্যিক। জেলার সকল ইউনিয়নের বেকার যুবকদের এ কর্মশালায় অংশগ্রহণপূর্বক নিয়োগকারী প্রতিষ্ঠানে কর্মসংস্থানের সুযোগ নিশ্চিত করার লক্ষ্যে প্রত্যেক ইউনিয়ন থেকে বেকার গ্রাজুয়েটদের নিবন্ধন করা প্রয়োজন।

এমতাবস্থায়, তাঁর ইউনিয়ন হতে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে কমপক্ষে ১০ (দশ) জন বেকার গ্রাজুয়েট বেকার যুবকদেরকে আগামী ০৫/১০/২০২০ তারিখের মধ্যে জাতীয় দক্ষতা বাতায়নে (www.skills.gov.bd) নিবন্ধন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে এ কার্যালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২৪.০৭.২০২০

(তারেক হাসান)

সহকারী কমিশনার

আইসিটি শাখা

জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর।

১। চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, ফরিদপুর।

২। সচিব (সকল), ইউনিয়ন পরিষদ, ফরিদপুর।

স্মারক নং: ০৫.১২.২৯০০.০২১.০৪.০০১.২০-

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ফরিদপুর।

তারিখ: ২৪ সেপ্টেম্বর, ২০২০ খ্রি.


২৪.০৭.২০২০

সহকারী কমিশনার

আইসিটি শাখা